

হাদীস নং—১ : কাজের মূল্য নিয়তে

ক. পড়ি ও মুখস্থ করি

إِنَّمَا الْأَعْمَالُ بِالنِّيَّاتِ

অর্থ : নিশ্চয়ই সব আমল (কাজ) নিয়তের ওপর নির্ভরশীল।

(সহীহুল বুখারি, ১; সহীহ মুসলিম, ১৯০৭)

নিয়ত ঠিক থাকলে আল্লাহ আমাদের ভালো কাজে সন্তুষ্ট হন এবং পুরস্কার দেন। আর নিয়ত ঠিক না থাকলে আল্লাহ আমাদের ইবাদত ফিরিয়ে দেন। সাথে শাস্তিও দেন।



হাদীস নং—২ : আল্লাহর বিধান মেনে চলো

ক. পড়ি ও মুখস্থ করি

اَحْفَظِ اللَّهَ يَحْفَظَكَ

অর্থ : তুমি আল্লাহকে মেনে চলো,
তাহলে আল্লাহ তোমাকে রক্ষা করবেন।

(সুনান আত-তিরমিযি, ২৫১৬, সহীহ)

আল্লাহর সব আদেশ মানবে। তাঁর সব নিষেধ মনে রাখবে। কখনো সীমালঙ্ঘন করবে না। বরং আল্লাহর নির্ধারিত সীমার মধ্যে থাকবে। তাহলে দেখবে আল্লাহ তোমাকে নিরাপদ রাখবেন, তোমার ঈমান ঠিক রাখবেন, তোমার পরিবারকে উদ্ধার করবেন। আর সবসময় আল্লাহর হেফাজতে থাকতে চেষ্টা করবে।



হাদীস নং—৩ : শুধু আল্লাহর কাছে চাও

ক. পড়ি ও মুখস্থ করি

إِذَا سَأَلْتَ فَاسْأَلِ اللَّهَ

অর্থ : তুমি যখন কিছু চাইবে, তখন আল্লাহর কাছেই চাইবে।

(সুনান আত-তিরমিযি, ২৫১৬, সহীহ)

কিছু চাইলে আল্লাহর কাছেই চাবে। কারণ আল্লাহই সবচেয়ে ক্ষমতাবান। তিনি তোমাকে দিতে পারেন না, এমন কোনো জিনিস নেই।



হাদীস নং—৪ : আল্লাহর কাছেই সাহায্য চাও

ক. পড়ি ও মুখস্থ করি

إِذَا اسْتَعَنْتَ فَاسْتَعِنْ بِاللَّهِ

অর্থ : তুমি যখন সাহায্য চাইবে,
তখন আল্লাহর কাছেই সাহায্য চাও।

(সুনান আত-তিরমিযি, ২৫১৬, সহীহ)

বিপদে পড়লে শুধু আল্লাহর কাছেই সাহায্য চাইবে। কারণ আল্লাহই সবকিছুর ওপর ক্ষমতাবান।



হাদীস নং—৫ : যেখানেই থাকো, আল্লাহকে ভয় করো

اتَّقِ اللَّهَ حَيْثُمَا كُنْتَ

অর্থ : তুমি যেখানেই থাকো না কেন, আল্লাহকে ভয় করো।

(সুনান আত-তিরমিযি, ১৯৮৯, হাসান)

তুমি যেখানেই থাকো এবং যে অবস্থাতেই থাকো, সবসময় আল্লাহর আদেশ মেনে চলো। আল্লাহ যা নিষেধ করেছেন, তা কখনো করবে না।

